সাত আসমান ও সাত যমীন রহমানের হাতের তালুতে, তোমাদের কারো হাতে একটি শস্য দানার মতোই তুচ্ছ।

আব্দুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত তিনি বলেন, সাত আসমান ও সাত যমীন রহমানের হাতের তালুতে, তোমাদের কারো হাতে একটি শস্য দানার মতোই তুচ্ছ।
[আলবানী ইবনু তাইমিয়াহ কর্তৃক হাদীসটিকে সহীহ বলার হুকুম বর্ণনা করেছেন, কিন্তু তিনি তার ত্রুটি ধরেননি।] [ইবন জারীর এটি বর্ণনা করেছেন। - এটি আয-যাহাবী “আল-উলু” কিতাবে বর্ণনা করেছেন - এটি
আব্দুল্লাহ ইবনুল ইমাম আহমাদ বর্ণনা করেছেন।]

এ আসরটিতে ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা আমাদের সংবাদ দেন যে, রহমানের হাতে সাত আসমান ও যমীনের তুলনা সু-বিশাল হওয়া সত্ত্বেও আমাদের কারো হাতের তালুতে একটি ছোট শস্য দানার মতো। আর এটি একটি আপেক্ষিকতার উদাহরণ। অন্যথায় এখানে হাতের তালুকে হাতের তালুর সাথে তুলনা করা হয় নি। কারণ, কোনো কিছুই তার সিফাতের সদৃশ হতে পারে না যেমনিভাবে কোনো কিছু তার সত্ত্বার সদৃশ হতে পারে না।

http://sunnah.global/hadeeth/bn/show/3412